



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 6th Semester Examination, 2023

DSE-P4-BENGALI (4A/4B)

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-4A and DSE-4B.
The candidates are required to answer any *one* from *two* papers.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-4A

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ভারতবর্ষে প্রথম পূর্ণাঙ্গ লোকসংস্কৃতি বিভাগ কত সালে এবং কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল ? প্রসঙ্গত প্রতিষ্ঠানটির নাম উল্লেখ করো।
- (খ) লোকসংস্কৃতি কাকে বলে ? উদাহরণসহ আলোচনা করো।
- (গ) প্রবাদ কাকে বলে ? প্রবাদের তিনটি বৈশিষ্ট্য লেখো।
- (ঘ) লোককথা কী ? লোককথার শ্রেণিবিভাগ করো।
- (ঙ) পটশিল্প পশ্চিমবঙ্গের কোন্ কোন্ অঞ্চলে দেখা যায় ?
- (চ) 'ফান্দে পড়ি বগা কান্দে' — এই গানটি কোন্ লোকসংগীতের অন্তর্ভুক্ত ? গানটি কোন্ অঞ্চলে প্রচলিত রয়েছে ? এর শিল্পীর নাম উল্লেখ করো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) উদাহরণসহ অভিজাত সংস্কৃতির সঙ্গে লোকসংস্কৃতির পার্থক্য আলোচনা করো।
- (খ) বাংলা প্রবাদের মধ্যে যে সমাজচিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (গ) টীকা লেখোঃ (যে-কোনো দুটি)
নকশী, বুমুর, চোরচুম্বি।
- (ঘ) ভাওয়ালীয়া গানের মধ্য দিয়ে কিভাবে গাড়িয়াল, মইশাল এবং মাহত বন্ধুর প্রসঙ্গ উঠে এসেছে তা লেখো।
- (ঙ) লোককথা কাকে বলে ? একটি লোককথার বৈশিষ্ট্য আলোচনা করো।
- (চ) ক্ষেত্রসমীক্ষার প্রকল্প নির্মাণ করো।

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ছড়া কী? বিষয় অনুযায়ী ছড়া কত প্রকার ও কী কী? তার পরিচয় দাও।
- (খ) ‘গঙ্গীরা’ লোকনাট্য সম্বন্ধে আলোচনা করো।
- (গ) ব্যক্তি প্রচেষ্টার মধ্য দিয়ে কিভাবে লোক সংস্কৃতিচর্চা এগিয়ে গেছে তার পরিচয় দাও।
- (ঘ) ভারতীয় লোকনৃত্যের পরিচয় দাও।

অথবা
DSE-4B

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলন গ্রন্থটিতে মোট কতগুলি গল্প রয়েছে? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।
- (খ) গোয়েন্দা কাহিনি বলতে কী বোঝা? দুটি বাংলা গোয়েন্দা কাহিনির নাম লেখো।
- (গ) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলন গ্রন্থ থেকে যে-কোনো ছয়টি গল্পের নাম উল্লেখ করো।
- (ঘ) বাংলা ভাষায় কল্পবিজ্ঞানের সূচনা কবে হয়েছে? গোয়েন্দা কাহিনির সঙ্গে কল্পবিজ্ঞানের কোনো তফাত আছে কী?
- (ঙ) ‘হ-য-ব-র-ল’ রচনায় ব্যাকরণ শিং চরিত্রের ভূমিকা কী? শিক্ষায় কোন্ বিষয়ে তিনি বিশেষজ্ঞ?
- (চ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছে? এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্রের নাম উল্লেখ করো। পড়াশোনায় সে কেমন ছিল?

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের শঙ্কর চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।
- (খ) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলনের ‘অহিদিদির বন্ধুরা’ গল্পে মানুষের সঙ্গে ভূত বন্ধুত্বপূর্ণ আচরণ করেছে। — আলোচনা করো।
- (গ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসে আফ্রিকা মহাদেশ সম্পর্কে লেখকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।
- (ঘ) ‘হ-য-ব-র-ল’ রচনায় নেড়া কাদের গান শুনিয়েছে? নেড়ার গান শুনে শ্রোতাদের কি প্রতিক্রিয়া হয়েছিল তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) ‘হ-য-ব-র-ল’ রচনায় হিজিবিজবিজ চরিত্রের কী পরিচয় পাওয়া যায়? উদো ও বুদো কে? তাদের চেহারা কেমন?
- (চ) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলনের ‘পেনেটিতে’ গল্প অবলম্বনে গল্প কথকের বড় মামার সঙ্গীদের পরিচয় দাও।

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বাংলা কল্পবিজ্ঞানের উদ্ভব ও ক্রমবিকাশ সংক্ষেপে বিবৃত করো।
- (খ) ‘হ-য-ব-র-ল’ রচনাটিকে রম্যরচনা বলা কতটা যুক্তিযুক্ত আলোচনা করো।
- (গ) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলনের যে-কোনো একটি গল্পের শিল্পরূপ বিচার করো।
- (ঘ) ‘চাঁদের পাহাড়’ রোমান্সধর্মী উপন্যাস হিসেবে কতটা সার্থক তা যুক্তিসহকারে আলোচনা করো।

—x—